



“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারকঃ নোবিপ্রবি/এজি/২০২৩/ ২৬৭৭

তারিখ : ০৬ মে ২০২৩ ইং

স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২২-২৩ শিক্ষাবর্ষের এপ্রিল- সেপ্টেম্বর সেমিস্টারের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এগ্রিকালচার বিভাগে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এপ্রিল- সেপ্টেম্বর সেমিস্টার স্নাতকোত্তর (মাস্টার্স) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধি করা হয়েছে। ভর্তিচ্ছু শিক্ষার্থী অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ১০ মে ২০২৩ ইং তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভর্তি ফি জমা দিতে হবে। নিম্ন লিখিত বিষয়ে স্নাতকোত্তর শিক্ষার্থী ভর্তি করা হবেঃ-

১. জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং ২। এন্টোমোলজি ৩। প্লান্ট বায়োকেমিস্ট্রি

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) /সমমানের ডিগ্রীধারী হতে হবে।
- ২। প্রার্থীর স্নাতক (সম্মান)/পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/ মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ৩। ২(দুই) কপি পার্সপোট সাইজের সত্যায়িত ছবি।
- ৪। চাকুরীরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারিতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৫। ভর্তি ফরম ফরমের রশিদ এর ফটোকপি।
- ৬। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু ছাত্র- ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কিনা, চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের কে ভর্তি করা হবে। ভর্তির আবেদনপত্রের সাথে চয়েস ফরম অবশ্যই দিতে হবে।

বিঃ দ্রঃ- অসম্পূর্ণ আবেদনপত্র বাতির বলে গণ্য হবে এবং বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে

ড. মোঃ আতিকুর রহমান ভূঞা
চেয়ারম্যান ও আহ্বায়ক, ভর্তি কমিটি-(২০২১-২২)
এগ্রিকালচার বিভাগ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

অনুলিপি :

- ১। ডীন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। বিভাগীয় নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।